

গ্যাসের নিরাপত্তা এবং মেরামতি



গ্যাসের মেরামত

Homes for Islington-এর অঙ্গীকার

- 'গরম করার মরশুম' (1 অক্টোবর থেকে 1 মে পর্যন্ত)-এর সময় গরম করার অথবা গরম জলের অসুবিধার একটি রিপোর্ট পাবার 24 ঘন্টার মধ্যে তা মেরামত করে ফেলবে।
- আমরা যদি অবিলম্বে (গরম করার মরশুমে) সমস্যার সমাধান না করতে পারি তাহলে 24 ঘন্টার মধ্যে আপনার জন্য সাময়িক গরম করার বা গরমজলের ব্যবস্থা করবে।
- যে মেরামতগুলি জরুরি নয়, সেগুলি আপনার সুবিধামত সময়ে করার জন্য সময় ঠিক করবে।
- আমরা যদি আগে থেকে নির্দিষ্ট করা সময়ে না আসতে পারি তাহলে যত তাড়াতাড়ি সম্ভব আমরা তা আপনাকে জানাব এবং একটা সুবিধাজনক তারিখ এবং সময়ের প্রস্তাব দেব।
- আমরা যদি প্রথমবারে ত্রুটি মেরামত করতে না পারি তাহলে আপনার সুবিধা অনুযায়ী আর একটা দিন ঠিক করব।
- অজরুরি সমস্ত মেরামতের কাজগুলি রিপোর্ট করার 28 দিনের মধ্যে ঠিক করবে।

গ্যাস যন্ত্রের মেরামতি

- আমরা আমাদের ভাড়াটের জায়গায় গ্যাসের যে যন্ত্রগুলি বসিয়েছি সেগুলি প্রতি বছর পরীক্ষা করব নিরাপদ রাখার জন্য।
- কখন এই নিরাপত্তা পরীক্ষা করা হবে তা আমরা লিখিতভাবে আপনাকে জানাব। তারপর আমরা আপনার সাথে একটা সুবিধাজনক অ্যাপয়েন্টমেন্ট করব। অ্যাপয়েন্টমেন্টগুলি সাধারণত সোমবার থেকে শুক্রবার সকাল 8টা এবং বিকেল 5টার মধ্যে করা হয়।
- সপ্তাহের মধ্যে আপনার যদি অ্যাপয়েন্টমেন্ট করতে অসুবিধা হয়, আমরা তাহলে আপনাকে সপ্তাহান্তে একটা অ্যাপয়েন্টমেন্টের প্রস্তাব দেব।

আপনার সাথে আমাদের কাজের সম্পর্ক

যখন আপনি আমাদের কর্মচারী বা ঠিকাদারদের সাথে কাজ করবেন, তারা

- অমায়িক হবে
- আপনার পরিষেবা বা মেরামতের দায়িত্ব নেবে এবং আপনাকে অবগত রাখবে
- আপনাকে তাদের নাম জানাবে
- শনাক্তকরণ বিবরণ পোশাকে লাগাবে

যখন আপনি আমাদের ফোন করবেন, আমরা

- ছয়বার ঘন্টা বাজার মধ্যে আপনার ফোন ধরব এক অভিবাদন, নাম ও অবস্থানসহ উত্তর দেব
- আপনি যদি কোন বার্তা রাখেন তাহলে আমরা 24 ঘন্টার মধ্যে আপনাকে ফোন করব

আপনি যদি আমাদের চিঠি লেখেন, আমরা

- তিনটে কাজের দিনের মধ্যে আপনার চিঠির প্রাপ্তি সংবাদ জানাব
- দশটা কাজের দিনের মধ্যে তার সম্পূর্ণ উত্তর দেব

গুরুত্বপূর্ণ

আপনি যদি মনে করেন আপনি গ্যাসের গন্ধ পাচ্ছেন তাহলে

- বিদ্যুতের সুইচ অথবা সরঞ্জাম জ্বালাবেন বা নেভাবেন না।
- ধূমপান করবেন না অথবা আগুনের শিখা ব্যবহার করবেন না।
- মিটার থেকে গ্যাস সরবরাহের সুইচ বন্ধ করে দেবেন। আপনি যদি মিটারের অবস্থান সঠিকভাবে না জানেন, অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করবেন।
- গ্যাস বেরিয়ে যাবার জন্য সব দরজা এবং জানালা খুলে দেবেন।

অবিলম্বে **0800 111999** নম্বরে ন্যাশনাল গ্রিডকে ফোন করুন অথবা **0800 694 3344** নম্বরে **HFI Direct** এর সাথে যোগাযোগ করুন এবং আমরা আপনার হয়ে রিপোর্ট করে দেব।

গ্যাস, গ্যাসের সাহায্যে সমগ্র গরম করা অথবা গরম জল সংক্রান্ত প্রশ্নের জন্য কার সাথে যোগাযোগ করতে হবে আপনার যদি নিজের গ্যাস, গ্যাসের সাহায্যে সমগ্র গরম করা অথবা গরম জল অথবা ভাগাভাগি করে গরম করা এবং গরম জলের কোন সমস্যা থাকে আপনি **0800 694 3344** নম্বরে **HFI Direct** কে ফোন করতে পারেন। এই ফোন করতে খরচা লাগে না, তবে মোবাইল ফোন থেকে করলে খরচা লাগবে।

আমরা তারপর আমাদের রক্ষণাবেক্ষণ ঠিকাদার **Kier Islington, British Gas** অথবা **EPS Plc**-এর মাধ্যমে আপনার জন্য একটা অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করব, যারা যোগ্য **CORGI** নথিভুক্ত ইঞ্জিনিয়ারদের নিয়োগ করে এই কাজ করার জন্য।

আমাদের সাথে যোগাযোগ করুন

Central Street Area Housing Office

85 Central Street, London EC1V 8DT

ফোন : 020 7527 6250

ফ্যাক্স : 020 7527 6207

ই-মেইল: csa@homesforislington.org.uk

মিনিকম : 020 7527 6202

Holland Walk Area Housing Office

85-88 Holland Walk

London N19 3XS

ফোন : 020 7527 7480

ফ্যাক্স : 020 7527 7407

ই-মেইল : holland.walk@homesforislington.org.uk

মিনিকম : 020 7527 7405

Lyon Street Area Housing Office

1 Lyon Street, London N1 1DQ

ফোন : 020 7527 6880

ফ্যাক্স : 020 7527 6827

ই-মেইল : lyon.street@homesforislington.org.uk

মিনিকম : 020 7527 6830

Upper Street Area Housing Office

Northway House, 257 Upper Street, London N1 1RU

ফোন : 020 7527 5300

ফ্যাক্স : 020 7527 5301

ই-মেইল : upperstreet.AHO@homesforislington.org.uk

মিনিকম : 020 7527 5301

Visit our website at

www.homesforislington.org.uk

